দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 16 MAR 2003 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

# ১৮ই মার্চ ঢাকা ভার্সিটিতে যুদ্ধ বিরোধী শান্তি মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ১৮ মার্চ যুদ্ধ নয় শান্তি চাই— এই শ্লোগান নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে যুদ্ধবিরোধী শান্তি মিছিল অনুষ্ঠিত হবে। বৃহস্পতিবার মধুর ক্যান্টিনে এ বিষয়ে বিভিন্ন ছাত্র সংগঠনের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। ছাত্র ইউনিয়ন সভাপতি শরিফুজ্জামান শরিফের সভাপতিত্বে সভায় ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি সুলতান সালাউদ্দীন টুকু, আসাদ, ছাত্রলীগের সভাপতি করিম সিকদার, ছাত্র-মৈত্রীর সভাপতি সাব্বাহ আলী খান কলিন্স, (৫ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ১৮ মার্চ ঢাকা

(৩য় পৃঃ পর)

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হেমায়েত উদ্দীন হিমু প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে মিছিল শুরু হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হবে। মিছিলে কোন দলীয় ব্যানার থাকবে না। মিছিলের শুরু এবং শেষে শুধু ভিসি বক্তব্য রাখবেন। কিশোরকণ্ঠ পাঠক ফোরামের উদ্যোগে বায়তুল মোকাররম উত্তর গেটে যুদ্ধবিরোধী শিশু-কিশোর সমাবেশ ও র‍্যালি বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। সমাবেশে ঢাকা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হাজার হাজার শিশু-কিশোরদের মুখে যুদ্ধবিরোধী শ্লোগান উচ্চারিত হয়। রুহুল আমিন খানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন ড. কাজী দীন মুহম্মদ। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের ডীন ড. চৌধুরী মাহবুব হাসান, অধ্যক্ষ চেমন আরা, মোশাররফ হোসাইন খান এবং আব্দুল্লাহ আল আরিফ।